



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
কারমাইকেল কলেজ, রংপুর।



নম্বর: ২২০


তারিখ: ০৬ আশ্বিন ১৪২৭
২১ সেপ্টেম্বর ২০২০

বিজ্ঞপ্তি


এ কলেজের ২০২০-২০২১ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তি হওয়া শিক্ষার্থীদের বোর্ড রেজিস্ট্রেশন কার্যক্রম শীঘ্রই শুরু হবে। এ লক্ষ্যে ভর্তি হওয়া সকল শিক্ষার্থীকে আগামী ২৬/০৯/২০২০ হতে ০১/১০/২০২০ তারিখ পর্যন্ত করোনাকালীন স্বাস্থ্যবিধি মেনে কলেজের উচ্চ মাধ্যমিক ভবনে সশরীরে উপস্থিত হয়ে নিম্নলিখিত কাগজপত্রাদি সকাল ১০.০০ টা হতে বিকাল ৩.০০ টার মধ্যে জমা দেয়ার নির্দেশনা দেয়া হলো :

- ১। ০৪ (চার) কপি পাসপোর্ট সাইজের ছবি;
- ২। এসএসসি/সমমান পরীক্ষার প্রবেশপত্র, রেজি:কার্ড ও প্রশংসাপত্রের ফটোকপি (০১ কপি করে);
- ৩। এসএসসি/সমমান পরীক্ষার মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট ও মূল প্রশংসাপত্র (বড় খাকি/ বাঁশপাতা রঙের খামে ভরে, খামের ওপরে শিক্ষার্থীর নাম, এসএসসি রোল নম্বর, শিক্ষাবর্ষ ও মোবাইল নম্বর লিখে দিতে হবে)
- ৪। পিতা/মাতার জাতীয় পরিচয়পত্রের ফটোকপি;
- ৫। বায়োমেট্রিক পরিচয়পত্রের জন্য ০১ কপি স্ট্যাম্প সাইজ ছবি।

বিশেষ দৃষ্টব্য : নির্ধারিত তারিখের মধ্যে প্রয়োজনীয় কাগজপত্র জমাদানে ব্যর্থ হলে রেজিস্ট্রেশন সংক্রান্ত জটিলতার জন্য কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে না।


২১.০৯.২০
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)

কারমাইকেল কলেজ, রংপুর
(ফোন নং: ১০১১৮)
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
কারমাইকেল কলেজ, রংপুর।


২১.০৯.২০
আহ্বায়ক

একাদশ শ্রেণির ভর্তি কমিটি ২০২০-২১
কারমাইকেল কলেজ, রংপুর